নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University
ফোন : ০৩২১-৬২৮১২, ০৩২১-৬২৮৩৩, ফ্যাক্স : ০৩২১-৬২৭৮৮
ই মেইল : info@nstu.edu.bd, ওয়েবসাইট : www.nstu.edu.bd

বাংলা বিভাগ
Department of Bangla
ফোন : +৮৮ ০১৭১৮৫০৪৫৪৪
ই মেইল : bangla@office.nstu.edu.bd

স্মারক নং: নোবিপ্রবি/বাংলা/এমএভর্তি-২০২৪/২৫/ ৩১৩০

তারিখ: ১৩ জানুয়ারি ২০২৬

## স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (Masters of Arts)-এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তীচ্ছু ছাত্র/ছাত্রীদের অফিস চলাকালে বিভাগীয় অফিস থেকে আগামী ১৫ জানুয়ারি ২০২৬ থেকে ২২ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ কওে পূরণপূর্বক জমা দিতে হবে। আবেদন ফরমের মূল্য ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা। অগ্রণী ব্যাংক নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় বাংলা বিভাগের (বাংলা বিভাগ বিবিধ হিসাব নম্বর ০২০০০২১৭৫৯৯৫১) হিসাবে জমা দিতে হবে। ভর্তি কমিটি নির্ধারিত সময়ে ভর্তির তালিকা প্রকাশ করবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে হবে।

**ডিগ্রির নাম: মাস্টার্স অব আর্টস ইন বাংলা**

ভর্তির যোগ্যতা

১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে বাংলা বা ভাষাতত্ত্ব বা ভাষা বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান)/সমমানের ডিগ্রিধারী হতে হবে। ০২ (দুই) বছরের অধিক শিক্ষা বিরতি গ্রহণ যোগ্য নয়।

২। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ২.৫ থাকতে হবে এবং বহিস্থ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ ৩.০০ থাকতে হবে।

৫। বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তীচ্ছু ছাত্র/ ছাত্রী পূর্বে কোনো সেমিস্টারে ভর্তিকৃত কি না, চাকুরিরত কি না, ইত্যাদি বিষয়ে যাচাই-বাছাইপূর্বক সুপারিশকৃত প্রার্থীদেরকে ভর্তি করা হবে।

৪। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় এবং বহিস্থ প্রার্থীর ক্ষেত্রে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৫। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। বহিস্থ প্রার্থীদের লিখিত পরীক্ষা ২৬ জানুয়ারি ২০২৬, সকাল ১০.০০ টায় বাংলা বিভাগে অনুষ্ঠিত হবে।

৭. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং থিসিস গ্রুপে থাকতে আগ্রহী প্রার্থীদের (অভ্যন্তরীণ ও বহিস্থ) মৌখিক পরীক্ষা ২৬ জানুয়ারি ২০২৬ দুপুর ১২.০০ টায় বিভাগের চেয়ারম্যানের কক্ষে অনুষ্ঠিত হবে।

<u>আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে</u>

১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশিট এবং সার্টিফিকেট-এর সত্যায়িত কপি।

২। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।

৩। ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।

৪। চাকুরিরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্লাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য দুই সেমিস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বারো) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়ন পত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।

৫। ভর্তি ফরম ক্রয়ের জন্য ব্যাংক জমাকৃত টাকার রশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে।

(ড. এমডি, মাসুদ রহমান)
অধ্যাপক ও চেয়ারম্যান
বাংলা বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপি

১. ডিন, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ, নোবিপ্রবি।
২. রেজিস্ট্রার, নোবিপ্রবি।
৩. হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
৪. পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি (প্রকাশ ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।